# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 02 April, 2025

সাতক্ষীরার আশাশুনিতে বিষাক্ত মদ্যপানে স্বেচ্ছাসেবক দল নেতা সহ ২ যুবকের মৃত্যু হয়েছে নিহত দুই যুবক হলেন জাকির হোসেন টিটু ও নাজমুল গাজী।তারা উপজেলার কাদাকাটি ইউনিয়নের মিত্র তেতুলিয়া গ্রামের জাফর আলী খাঁ ও সোহরাব গাজীর ছেলে।একই ঘটনায় মারাত্মক অসুস্থ অবস্থায় আরও ৯ যুবককে উপজেলা ও জেলার বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।এদের মধ্যে ফারুক ও ইমরান নামে আরও দুই যুবকের অবস্থা আশংকাজনক বলে জানা গেছে।

মঙ্গলবার(১ এপ্রিল) দিবাগত মধ্যরাতে চিকিৎসাধীন অবস্থায় ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জাকির হোসেন টিটু ও নাজমুলের মৃত্যু হয়।এর আগে ঈদের দিন সন্ধ্যায় মদ্যপানের পর রাত ১২ টার দিকে মারাত্মক অসুস্থতা বোধ করলে তাদের হাসপাতালে ভর্তি করা হয়।অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আছেন ব্রাহ্মণ তেঁতুলিয়া গ্রামের সাইদ সরদারের ছেলে ফারুক হোসেন,মোকামখালী গ্রামের কুদ্দুস সরদারের ছেলে ইমরান,মিত্র তেঁতুলিয়ার মর্জিনা খাতুনের ছেলে ইকবাল,কামরুলের ছেলে লিপ্টন,আজিবার সরদারের ছেলে রবিউল,শহীদ গাজীর ছেলে তুহিন,আনিছের ছেলে নাজমুল সহ ৯ যুবক।এদের মধ্যে অবস্থা আশংকাজনক হওয়ায় ফারুক হোসেনকে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতালে ও ইমরানকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, ঈদের দিন সন্ধ্যায় তেঁতুলিয়া শশ্মানঘাটের মাঠে বসে জাকির হোসেন টিটু ও নাজমুল গাজীসহ ১১ বন্ধু মিলে মদ্যপান করেন।এরপরে তারা যে যার মতো নিজ নিজ বাড়ি গিয়ে ঘুমিয়ে পড়ে।এক পর্যায়ে রাত ১২ টার দিকে মারাত্মক শারীরিক অসুস্থতা বোধ করলে তাদের প্রথমে আশাশুনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।সেখানে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাত ১টার দিকে জাকির হোসেন টিটু ও নাজমুল গাজী মৃত্যুর কোলে ঢলে পড়েন।এ ছাড়া আরও অন্তত ৯ জন অসুস্থ অবস্থায় বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন আছে বলে স্বজনেরা জানিয়েছেন।

আশাশুনি থানার অফিসার ইনচার্জ মোঃ নোমান হোসেন জানান,এ ঘটনায় টিটু ও নাজমুল নামের ২ জনের মৃত্যুর খবর পেয়ে একজনের মরদেহ উদ্ধার করে সাতক্ষীরা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।মৃত্যুর প্রকৃত কারণ ময়না তদন্ত রিপোর্ট পেলে জানা যাবে।

মদ্যপান স্বেচ্ছাসেবক দল মৃত্যু অসুস্থ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:33

URL: https://www.timestodaybd.com/public/khulna/226775807